



খামেনির নেতৃত্ব আগামী প্রজন্ম ও স্মরণ করবে: শেহবাজ শরিফ



পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনির শেষ বিদায়ের রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশ নিতে তেহরানে পৌঁছেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। সেখানে তিনি বলেন, খামেনির নেতৃত্ব, প্রজ্ঞা এবং ইরানসহ গোটা অঞ্চলে তার রেখে যাওয়া প্রভাব দীর্ঘদিন স্মরণ করা হবে। শনিবার (৪ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে শেহবাজ শরিফ লেখেন, "খামেনির প্রজ্ঞা, নেতৃত্ব এবং ইরান ও বৃহত্তর অঞ্চলে তার গভীর প্রভাব আগামী প্রজন্মের কাছেও স্মরণীয় হয়ে থাকবে।"

খামেনির শেষ বিদায় অনুষ্ঠানে যোগ দিতে পাকিস্তানের উচ্চপর্যায়ের একটি প্রতিনিধিদলও তেহরানে গেছে। প্রতিনিধি দলে রয়েছেন দেশটির সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান বিলাওয়াল ভুট্টো জারদারি, জাতীয় পরিষদের স্পিকার সারদার আজাদ সাদিক এবং সেনাপ্রধান জেনারেল আসিম মুনির। পাকিস্তানের এই অংশগ্রহণকে তেহরান ও ইসলামাবাদের দীর্ঘদিনের কূটনৈতিক সম্পর্কের প্রতিফলন হিসেবে দেখা হচ্ছে। দুই দেশ বিভিন্ন আঞ্চলিক ইস্যুতেও নিয়মিত যোগাযোগ বজায় রেখে চলেছে।

খামেনির রাষ্ট্রীয় শোকানুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের রাজনৈতিক নেতা, সরকারি প্রতিনিধি ও ধর্মীয় ব্যক্তিত্ব অংশ নিচ্ছেন। কয়েক দিনব্যাপী এই কর্মসূচির মাধ্যমে ইরান তার প্রয়াত নেতার প্রতি রাষ্ট্রীয়ভাবে শেষ শ্রদ্ধা জানাচ্ছে।